

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এ্যালিক্যান্ট রোড, ইফাটন গার্ডেন, ঢাকা
(এনফোর্সমেন্ট শাখা)
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৫৭.২৭.০৯৫.১৯.৪৫৯


তারিখঃ ২৩ আষাঢ় ১৪২৭
০৭ জুলাই ২০২০

COVID-19 পরীক্ষার জন্য Expression of Interest (EOI) আহ্বান

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন বিএমইটি'র ক্লিয়ারেন্স নিয়ে বিদেশগামী কর্মীদের COVID-19 (করোনা ভাইরাস) পরীক্ষার জন্য সরকার অনুমোদিত ও নিয়ন্ত্রিত যোগ্যতাসম্পন্ন আগ্রহী মেডিকেল সেন্টার/হাসপাতাল/ডায়াগনস্টিক সেন্টারসমূহকে আগামী ২০/০৭/২০২০ তারিখের মধ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব বরাবর প্রয়োজনীয় তথ্যাদি ও কাগজপত্রসহ তাদের Expression of Interest (EOI) প্রদানের অনুরোধ জানানো হচ্ছে।

প্রতিষ্ঠানের যোগ্যতাসমূহ নিম্নরূপ :

- ১। প্রতিষ্ঠানটি COVID-19 (করোনা ভাইরাস) পরীক্ষার জন্য সরকার অনুমোদিত হতে হবে।
- ২। প্রতিষ্ঠানের অবস্থান ঢাকা মহানগরী, অন্যান্য বিভাগীয় অথবা জেলা শহরে হতে হবে।
- ৩। প্রতিষ্ঠানের কম্পিউটারাইজড ও অনলাইন রিপোর্ট প্রদানের সক্ষমতা এবং উক্ত রিপোর্ট অনলাইন যাচাই করার ব্যবস্থা থাকতে হবে। স্বাস্থ্য পরীক্ষার ০২ (দুই) দিনের মধ্যে কর্মীর ছবি সংযোজনসহ স্বাস্থ্যপরীক্ষার রিপোর্ট কর্মীকে এবং চাহিদা অনুযায়ী সময়ে সময়ে নির্ধারিত কর্তৃপক্ষকে প্রদান করতে হবে।
- ৪। পরীক্ষিত কর্মীদের প্রাসঙ্গিক তথ্যাদি ন্যূনতম ০২ (দুই) বছর সংরক্ষণ করতে হবে।
- ৫। বিদেশগামী কর্মীদের জন্য পৃথক ব্যবস্থাপনায় অগ্রাধিকারভিত্তিতে নমুনা সংগ্রহের সক্ষমতা থাকতে হবে। সেই সাথে সম্পূর্ণ নিজস্ব ব্যবস্থাপনায় পরীক্ষার জন্য প্রয়োজনীয় যন্ত্র ও জনবল থাকতে হবে।
- ৬। আগ্রহী প্রতিষ্ঠানকে (ক) প্রতিষ্ঠানের স্থায়ী অবস্থান ও যোগাযোগের ঠিকানা (খ) প্রতিষ্ঠানের প্রতিদিন COVID-19 (করোনা ভাইরাস) টেস্টের সক্ষমতা (গ) উক্ত পরীক্ষার জন্য সর্বসাকুল্যে প্রদেয় ফি এবং (ঘ) বিদেশগামী কর্মীদের জন্য সম্পূর্ণ নিজস্ব ব্যবস্থাপনায় নমুনা সংগ্রহ এবং পরীক্ষার সক্ষমতা রয়েছে কি না তা উল্লেখ করতে হবে।
- ৭। আগ্রহী প্রতিষ্ঠানকে সরকার নির্ধারিত শর্তাবলী মেনে চলতে হবে।


৭/৭/২০২০
(মোজাফফর আহমেদ)

যুগ্মসচিব

(মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
টেলিফোন : ৪১০৩০২৩৫